তোমরা এ সকল বোবা পশুদের ব্যাপারে আল্লাহর তাকওয়া অবলম্বন কর। সুস্থ সবল রেখে এদের পিঠে আরোহণ কর এবং সুস্থ সবল রেখে এদের গোশত খাও।

সাহল ইবন আমর রাদিয়াল্লাহু ‘আনহু হতে মারফূ‘ সনদে বর্ণিত। একদা রাসূলূল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন একটি উটের পাশ দিয়ে যাচ্ছিলেন, যার পেট ও পিঠ অনাহারে একত্র হয়ে গিয়েছিল। তা দেখে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা এ সকল বোবা পশুদের ব্যাপারে আল্লাহ্কে ভয় কর। এদেরকে দানাপানি দিয়ে সুস্থ
সবল রাখ ও সুস্থ সবল পশুর পিঠে আরোহণ কর এবং খাওয়ার সময়ও সুস্থ সবল প্রাণীর গোশত
খাও।
[সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি উট দেখলেন, যার পেট ও পিঠ অনাহারে একত্র হয়ে গিয়েছিল। তা দেখে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বোবা পশুদের সাথে দয়ার্দ্র হওয়ার নির্দেশ দিলেন। বস্তুত মানুষের ওপর দায়িত্ব হলো তারা যেন বোবা পশুদের সাথে ভালো ব্যবহার করে। তাদের উপর এমন বোঝা চাপিয়ে দিবে না যা তারা বহন করতে পারে না। তাদের খাবার ও পানীয়ের ব্যাপারে কার্পণ্য করবে না। ফলে যদি তার পিঠে আরোহণ করে তখন সেটাকে আরোহণ উপযোগী পাবে আর যদি তার গোস্ত খেতে হয় তবে সেটা খাওয়ার উপযোগী পাবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5935